বাবার মতো জনগণের সেবক হতে চাই- মনিরুল ইসলাম

ইউনিয়ন পর্যায়ের নির্বাচনের আমেজ ইতিমধ্যে শুরু হয়েছে। বর্তমান চেয়ারম্যান সহ বিভিন্ন মনোনয়ন প্রত্যাশিরা ছুটছেন জনগণের কাছে। কেউ কেউ দলের উচ্চ পর্যায়েও দোড়ঝাঁপ শুরু করেছেন। স্থানীয় সরকার নির্বাচন নিয়ে ‘মেহেরপুর প্রতিদিন’ এর এবারের আয়োজন ‘গ্রামীণ জনপদে ভোট’ শীর্ষক পর্ব। এ পর্বে ‘মেহেরপুর প্রতিদিন’ এর মুখোমুখি হয়েছিলেন গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান মনিরুজ্জামান মনি। সাক্ষাতকার গ্রহণ করেছেন আমাদের নিজস্ব প্রতিনিধি পলাশ আহমেদ। সাক্ষাতকারের চুম্বক অংশটি এখানে তুলে ধরা হলো:

মেহেরপুর প্রতিদিন: আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে আপনার সিদ্ধান্ত কি?

মনিরুজ্জামান মনি: আপনারা জানেন, আমি গত নির্বাচনে বিএনপি দল থেকে ভোট করে নির্বাচিত হয়েছি। জনগণ আমাকে ভালোবেসে ভোট দিয়ে এই চেয়ার আমাকে উপহার দিয়েছে এবং আমার বাবা দীর্ঘদিন যাবৎ চেয়ারম্যান হিসেবে জনগণের সেবক হিসেবে কাজ করে গেছেন। তার মুখের দিকে চেয়েও আমাকে জনগণ আমাকে ভোট দিয়েছে। তাই জনগণের কাছে আমি ও আমার পরিবার কৃতজ্ঞ। তাই জনগণ যদি আবারও চাই, আর ভোট যদি সুষ্ঠ হয় তাহলে আবার নির্বাচন করে চেয়ারম্যান হবো ইনশাল্লাহ্। তবে নির্বাচনী প্রচারনার কাজ এখনো শুরু করিনি করবো।

মেহেরপুর প্রতিদিন: আপনার দল বিএনপি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে কোন নির্দেশনা দিয়েছে কি না?

মনিরুজ্জামান মনি: কোন নির্দেশনা আসে নি। তবে বাংলাদেশের কিছু কিছু স্থানে নির্বাচন হচ্ছে সেখানে বিএনপি প্রার্থী আছে সেই ক্ষেত্রে আশা করি আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনেও বিএনপি থাকবে। তবে ভোট যদি সুষ্ঠ হয় এবং জনগণ কে যদি তাদের ভোট দেওয়ার পূর্ণ স্বাধীনতা দেয় তাহলে আবারো চেয়ারম্যান হবো ইনশাল্লাহ্।

মেহেরপুর প্রতিদিন: জনগণ কে দেওয়া প্রতিশ্রুতি কতটুকু বাস্তবায়ন করতে পেরেছেন বলে মনে করেন।

মনিরুজ্জামান মনি: আমি নির্বাচিত হওয়ার পর রাস্তা ঘাট, মসজিদ-মাদ্রাসা-স্কুল, বিধবা ভাতা, বয়স্ক ভাতা, প্রতিবন্ধি ভাতা, থেকে শুরু করে করোনাকালিন সময় ১০ কেজি, ১৫ কেজি, ৩০ কেজি চাউল, শিশুদের জন্য দুধসহ সকল প্রকার সহযোগীতা অসহায় মানুষের দারে দারে পৌঁছে দিয়েছি। আমার ইউনিয়ন পরিষদের বরাদ্দ খুবই স্বল্প সেই সল্পতা থেকে আমি সকলকে সন্তষ্ট রাখার চেষ্টা করেছি। এবং ইউনিয়নের প্রধান প্রধান স্থান গুলোতে স্ট্রিট লাইটের ব্যাবস্থা করেছি।

মেহেরপুর প্রতিদিন: আপনি আপনার দল বিএনপি’র কাছে থেকে নোমিনেশন পাওয়ার ব্যাপারে কতটুকু আশাবাদী?

মনিরুজ্জামান মনি: আমি দলের দুর্দিনে পাশে আছি এবং বর্তমান ক্ষমতাশালী দলের বিপক্ষে নির্বাচন করে চেয়ারম্যান হয়েছি। জনগণের ভালোবাসা আস্থা আমার উপর আছে। সেই সুবাদে আমি মনে করি আমার দল আগামী নির্বাচনে আমাকেই নোমিনেশন দিবে। নোমিনেশন পেয়ে নির্বাচনে আসলে আমার বিশ্বাস জনগণ আমাকে আবার চেয়ারম্যান নির্বাচিত করবেন।

এ ক্ষেত্রে দল আমাকেই মুল্যায়ন করবেন বলে মনে করি। আমি এই ৫ বছরে মানুষের ভালোবাসা পেয়েছি এবং সবাই আমাকে সন্তানের মতো দেখেন, আমিও তাদের সম্মান করি, আমি সব সময় বিপদে আপদে তাদের পাশে দাড়ানোর চেষ্টা করি।

মেহেরপুর প্রতিদিন: পুনরায় নির্বাচিত হলে কি কি করতে চান?

মনিরুজ্জামান মনি: আমি আমার বাবার দেখানো পথেই জনগণের সেবক হয়ে তাদের পাশে থাকতে চাই। আমার ষোলটাকা ইউনিয়নকে একটি মডেল ইউনিয়ন হিসেবে গড়ে তুলতে চাই। উন্নয়নের কোন কিছুর কমতি নেই। আমার পরিকল্পনা আছে আবার যদি নির্বাচিত হয় তাহলে শিক্ষাখাতে উন্নয়ন করতে চাই। মানুষের বন্ধু হয়ে পাশে আছি এবং সব সময় তাদের পাশে থেকে সেবা করতে চাই।